

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা
(প্রশিক্ষণ ও শৃঙ্খলা)
www.minland.gov.bd

স্মারক নং-ভূ:ম:যুস(খাসজমি)/অভিযোগ তদন্ত-১/২০১৫-৮৫

তারিখ: ০৯/০৩/২০১৭খ্রিঃ

বিষয়: অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা(Grievance Redress System-GRS) সংক্রান্ত কার্যক্রম

সূত্র: ০৪.০০.০০০০.২২২.২৭.০৩৫.৩৫.০৫, তারিখ: ০৭/০১/২০১৫খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে ভূমি মন্ত্রণালয়ের ফেব্রুয়ারি-২০১৭ মাসের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা(Grievance Redress System-GRS) সংক্রান্ত সমন্বিত প্রতিবেদন নির্ধারিত ছকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা		মোট(১+২)	বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ	অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	মন্তব্য
পত্র/দরখাস্ত যোগে	অনলাইনে					
০১	০২	০৩	০৪	০৫	০৬	০৭
০৪	০৩	০৭	০৭		০০	
				<p>(১) রাঙ্গামাটি শহরের পৌর এলাকায় একটি সরকারি ডোবা বেদখলের বিষয়ে অনলাইনে দাখিলকৃত অভিযোগটি তদন্তপূর্বক বিধি মোতাবেক যথাযথ ব্যবস্থা গ্রহণ করে অবহিত করার জন্য জেলা প্রশাসক,রাঙ্গামাটি-কে অনুরোধ করা হয়েছে।</p> <p>(২) জনাব আবু সালেহ বাবু, চেয়ারম্যান, ১০নং আটুলিয়া ইউনিয়ন পরিষদ, হাওয়ালভাঙ্গী,শ্যামনগর,সাতক্ষীরা কর্তৃক তাঁর ৬৮ বছর যাবৎ স্বত্ব দখলীয় সম্পত্তি স্বত্ব দখলবিহীন ব্যক্তির অনুকূলে রেকর্ড প্রদানের বিষয়ে দাখিলকৃত অভিযোগটি তদন্তপূর্বক বিধি মোতাবেক যথাযথ ব্যবস্থা গ্রহণ করে অবহিত করার জন্য মহাপরিচালক,ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর,তেজগাঁও,ঢাকা-কে অনুরোধ করা হয়েছে।</p> <p>(৩) মৃত জনাব সৈয়দ আবদুল ওয়াদুদ, গোমেগাঁও, ফুলপুর, ময়মনসিংহ-এর নেত্রকোনা জেলার দুর্গাপুর উপজেলার অন্তর্গত দুর্গাপুর মৌজার ২১.৫০ শতাংশ সম্পত্তির ভূমি উন্নয়ন কর ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা গ্রহণ না করার বিষয়ে অভিযোগকারী কর্তৃক অনলাইনে দাখিলকৃত অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক বিধি মোতাবেক যথাযথ ব্যবস্থা গ্রহণ করে অবহিত করার জন্য জেলা প্রশাসক,নেত্রকোনা-কে অনুরোধ করা হয়েছে।</p> <p>(৪) গাজীপুর জেলার টঙ্গী সার্কেলের সহকারী কমিশনার(ভূমি)-এর বিরুদ্ধে অভিযোগের বিষয়ে মতামতসহ প্রতিবেদন প্রেরণ করার জন্য জেলা প্রশাসক,গাজীপুর-কে অনুরোধ করা হয়েছে।</p> <p>(৫) অবৈধভাবে খারি এবং কানুনগোর মনগড়া রিপোর্ট এর বিরুদ্ধে অভিযোগের বিষয়ে তদন্ত করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করে ৩০ কর্মদিবসের মধ্যে প্রতিবেদন প্রেরণ করার জন্য বিভাগীয় কমিশনার,চট্টগ্রামকে অনুরোধ করা হয়েছে।</p>		

				<p>(৬) কক্সবাজার জেলার জেলা প্রশাসক জনাব আলী হোসেনসহ অন্যান্যদের (বিশেষত ভূমি অধিগ্রহণ বিভাগে) বিরুদ্ধে সিভিকিট গ্রহণপূর্বক উৎকোচ গ্রহণ ও ভাষাগত নির্যাতন হতে রক্ষা পাওয়ার বিরুদ্ধে অভিযোগের বিষয়ে তদন্ত করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করে ৩০ কর্মদিবসের মধ্যে প্রতিবেদন প্রেরণের জন্য বিভাগীয় কমিশনার, চট্টগ্রামকে অনুরোধ করা হয়েছে।</p> <p>(৭) জনাব সৈয়দ আব্দুল ওয়াকিল, পিতা: মৃত সৈয়দ আব্দুল ওয়াদুদ, গ্রাম ও ডাক: ঘোমগাঁও মীরবাড়ি, উপজেলা: ফুলপুর, জেলা: ময়মনসিংহ কর্তৃক নেত্রকোনা জেলার দুর্গাপুর উপজেলাধীন দুর্গাপুর মৌজার সাবেক ১৭৫৪ দাগের ২১.৫০ শতাংশ ভূমির ভূমি উন্নয়ন কর না নেয়ার বিষয়ে অনলাইনে দাখিলকৃত অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক বিধি মোতাবেক যথাযথ ব্যবস্থা গ্রহণ করে অবহিত করার জন্য জেলা প্রশাসক, নেত্রকোনা-কে অনুরোধ করা হয়েছে।</p>	
--	--	--	--	--	--



(মো: মজিবর রহমান)

যুগ্ম-সচিব(প্রশাসন)

ও

অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা

ফোনঃ ৯৫৪৬৫১০

E.mail:mojiburrahman3680@gmail.com

মন্ত্রিপরিষদ সচিব

মন্ত্রিপরিষদ বিভাগ

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

(দৃষ্টি আকর্ষণ: সিনিয়র সহকারী সচিব, সুশাসন ও অভিযোগ ব্যবস্থাপনা শাখা)

স্মারক নং-ভূ:ম:/যুস(খাসজমি)/অভিযোগ তদন্ত-১/২০১৫-৮৫/১(৩)

তারিখ: ০৯/০৩/২০১৭ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

০১। উপসচিব(প্রশাসন), ভূমি মন্ত্রণালয়।

০২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়। (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

০৩। প্রোগ্রামার, ভূমি মন্ত্রণালয় (তাকে পত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)

০৪। মাস্টার কপি।

০৫। অফিস কপি।



(মো: মজিবর রহমান)

যুগ্ম-সচিব(প্রশাসন)

ও

অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা